

### খরিফ-১/২০১৫-১৬ মৌসুমে উফশী আউশ ও নেরিকা আউশ উৎপাদন বৃদ্ধির প্রণোদনা কর্মসূচি

#### বাস্তবায়ন নীতিমালা/ পদ্ধতি :

১. কৃষক নির্বাচন, অগ্রাধিকার তালিকা প্রস্তুত ও অনুমোদন, উপকরণ বিতরণ প্রভৃতি কার্যক্রম বরাদ্দকৃত অর্থের মধ্যে জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিয়ন্ত্রণে উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির মাধ্যমে কৃষি পুনর্বাসন/ প্রণোদনা কার্যক্রমের নীতিমালা অনুযায়ী বাস্তবায়িত হবে।
২. কর্মসূচি প্রাপ্তির পর যথাসম্ভব দ্রুত জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি বিগত বছরের উফশী আউশ ও নেরিকা আউশ ফসল আবাদে জমি এবং চলতি খরিফ-১ মৌসুমে উফশী আউশ ও নেরিকা আউশ ফসল আবাদ সম্ভাবনার নিরীখে লক্ষ্যমাত্রা নির্ধারণ করে কর্মসূচির উপজেলাওয়ারী বিভাজন করবেন এবং জেলা অফিসের জন্য আনুসঙ্গিক খাতের বরাদ্দকৃত অর্থ ছাড়া অবশিষ্ট সকল অর্থ উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার এর অনুকূলে ছাড় করবেন।
৩. খরিফ-১/২০১৫-১৬ মৌসুমে উফশী আউশ ও নেরিকা আউশ চাষে সহযোগীতার জন্য প্রাস্তিক ও ক্ষুদ্র কৃষক এ অনুদান সহায়তা পাবেন। উফশী আউশ ও নেরিকা আউশ চাষের জন্য অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত প্রতি কৃষক সারণী-১, ২ এ বর্ণিত পরিমাণ অনুযায়ী উফশী আউশ অথবা নেরিকা আউশ ফসলের জন্য বীজ, রাসায়নিক সার, সেচ খরচ ও আগাছা দমন খরচ পাবেন। একজন চাষী পরিবারকে সর্বাধিক ১ (এক) বিঘা ফসলের জন্য সহায়তা প্রদান করা যাবে।
৪. সংশ্লিষ্ট ব্লকের উপ-সহকারী কৃষি অফিসার ইউনিয়ন কৃষি পুনর্বাসন কমিটির মাধ্যমে এ কর্মসূচির জন্য মনোনীত (অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত) প্রত্যেক কৃষকের স্ট্যাম্প সাইজের ছবিযুক্ত কৃষি উপকরণ সহায়তা কার্ডের ভর্তুকী অংশে যথাযথভাবে উপকরণের পরিমাণ লিপিবদ্ধ করে যথারীতি মাষ্টাররোল সংরক্ষণপূর্বক উপকরণ বিতরণ করবেন। মাষ্টাররোলে অবশ্যই উপকরণ গ্রহণকারী কৃষকের স্ট্যাম্প সাইজের ছবি ও জাতীয় পরিচয় পত্র নম্বর যুক্ত করতে হবে।
৫. প্রতি কৃষক ১ বিঘা জমির জন্য ৫ (কেজি) করে উফশী আউশ অথবা ১০ (দশ) কেজি করে নেরিকা আউশ ধানের বীজ, ২০ কেজি ইউরিয়া, ১০ কেজি ডিএপি এবং ১০ কেজি এমওপি সার, সেচ বাবদ ৪০০/- টাকা এবং নেরিকার ক্ষেত্রে আগাছা দমন বাবদ ৪০০/- টাকা পাবেন।
৬. এ কর্মসূচির সকল উপকরণ বিতরণ উপজেলা সদর থেকে করতে হবে। সকল উপকরণ কৃষক নিজে গ্রহণ করবেন, কোন অবস্থায়ই প্রকৃত তালিকাভুক্ত কৃষক ছাড়া অন্য কাউকে উপকরণ ও নগদ অর্থ প্রদান করা যাবে না বা এক জনের উপকরণ অন্য জনকে প্রদান করা যাবে না।
৭. কর্মসূচির সেচ ও আগাছা দমন বাবদ সহায়তার অর্থ যে কোন কর্মশিয়াল ব্যাংকের স্থানীয় শাখায় অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত কৃষকদের নিজ নামে খোলা ব্যাংক হিসাবে স্থানান্তর করা হবে। কোন ক্রমেই সরাসরি নগদ অর্থ প্রদান করা যাবে না। একজনের নামে বরাদ্দকৃত অর্থ অন্য জনের একাউন্টে কোন ক্রমেই স্থানান্তর করা যাবে না। যে সব কৃষকদের ইতোমধ্যেই ব্যাংক হিসাব খোলা আছে তাদেরকে ঐ একাউন্টে এবং যাদের নামে এখনও কোন হিসাব খোলা হয়নি সেসব কৃষকগণ ন্যূনতম ১০ টাকা নগদ জমা দিয়ে জরুরীভাবে স্থানীয় ব্যাংকে নতুন হিসাব খুলবেন এবং ঐ একাউন্টের মাধ্যমে সহায়তার অর্থ প্রদান করা হবে। উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার যথাসম্ভব দ্রুত কর্মসূচিভুক্ত কৃষকদের একাউন্টে ঐ টাকা স্থানান্তর করবেন।
৮. কৃষক প্রতি মিনি প্যাকেটের ঝামেলা ও ওজন কমে বিড়ম্বনা এড়াতে সারের বস্তা ভেঙ্গে আলাদা আলাদা কৃষককে না দিয়ে এ কর্মসূচির আওতায় উপকরণ সহায়তা হিসেবে অনুমোদিত তালিকাভুক্ত প্রতি ৫ (পাঁচ) জনের এক একটি গ্রুপ করে প্রতি গ্রুপকে ২ (দুই) বস্তা ইউরিয়া ও ১ (এক) বস্তা ডিএপি ও ১ (এক) বস্তা এমওপি সার বিতরণ করতে হবে। গ্রুপের চাষীরা প্রতিজনে বিঘা প্রতি ২০ (বিশ) কেজি ইউরিয়া ১০ (দশ) কেজি ডিএপি ও ১০ (দশ) কেজি এমওপি সার নিজেদের মধ্যে ভাগ করে নিবেন।
৯. শুধুমাত্র বরাদ্দের হিসাব সমন্বয়ের ক্ষেত্রে প্রয়োজনে বস্তা ভেঙ্গে বিতরণ করা যাবে।
১০. সকল প্রকার ব্যয় ও সমন্বয় আর্থিক বিধি বিধান অনুসরণ করে করতে হবে। কর্মসূচির ইউরিয়া সার বিসিআইসি'র কারখানা/ বাফার গুদাম/ বিক্রয়কেন্দ্র/ মিল গেট হতে এবং অন্যান্য সার বিএডিসি'র জেলাস্থ/ নিকটবর্তী গুদাম থেকে বিধি মোতাবেক ক্রয় করতে হবে। বিসিআইসি অথবা বিএডিসি'র সার পাওয়া না গেলে আর্থিক বিধানাবলী অনুসরণ করে স্থানীয়ভাবে সার সংগ্রহ ও সরবরাহ করা যাবে। সারের মূল্য সরকার নির্ধারিত ভর্তুকী মূল্যে ধরা হয়েছে। কোন অবস্থায়ই কর্মসূচির বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত টাকা ব্যয় করা যাবে না।
১১. কর্মসূচির প্রকৃত সুফল প্রাপ্তির জন্য যথাসম্ভব দ্রুত এ কার্যক্রম বাস্তবায়ন সমাপ্ত করতে হবে, কোনভাবেই বিলম্ব গ্রহণযোগ্য নয়। উপকরণ বিতরণ শেষ হওয়ার ১০ (দশ) কর্ম দিবসের মধ্যে খরচের সমন্বয় বিবরণী মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর বরাবরে প্রেরণ করতে হবে।
১২. কর্মসূচির যাবতীয় সমন্বয় রেকর্ড পত্র অডিটের জন্য সংশ্লিষ্ট উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভাপতি এবং উপজেলা নির্বাহী অফিসার এর অফিসে সংরক্ষিত থাকবে।